

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২০

০৩ নভেম্বর, ২০১৩
তারিখ :-----
১৯ কার্তিক, ১৪২০

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) ক্ষীম-২০০৭।

উপরিউক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ ০২ আগস্ট ২০০৭ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯ তারিখ ৩০ এপ্রিল ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত ক্ষীমের মেয়াদ বৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিআরপিডি(আর-১)৬৫১/৯(১০)/২০১৩-১৩১২ নং প্রজ্ঞাপনটির অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পৃষ্ঠা।

আপনাদের বিশ্বস্ত,



(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন-৭১১৭৮২৫

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

প্রজ্ঞাপন

০৩ নভেম্বর, ২০১৩

নং-বিআরপিডি (আর-১)৬৫১/৯(১০)/২০১৩-১৩১২

তারিখ :-----

১৯ কার্তিক, ১৪২০

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ধারা ৭৭ এর উপধারা (৮) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ (যা ৩০ এপ্রিল ২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত) এর অনুচ্ছেদ নং ১০ এবং অনুচ্ছেদ নং ১৫ এর বিধান এবং General Clause Act, 1897 এর ২১ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক উক্ত স্কীমের অনুচ্ছেদ নং ৭ এর উপ-অনুচ্ছেদ (১) এবং অনুচ্ছেদ নং ১০-এ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করিলঃ

১। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ (যা ৩০ এপ্রিল ২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত) এর অনুচ্ছেদ নং ৭ এর উপ-অনুচ্ছেদ (১) এ প্রদত্ত পরিশোধ সূচীর শেষ সারিতে উল্লিখিত-

“অবশিষ্ট স্থিতি	নির্ধারিত দিনের ৬৬ মাস পর।”
------------------------	------------------------------------

এর স্থলে নিম্নলিখিত সারণী প্রতিস্থাপিত হইবেঃ

“আরো ১,০০,০০০ টাকা	নির্ধারিত দিনের ৬৬ মাস পর হইতে ৭২ মাসের মধ্যে।
আরো ১,০০,০০০ টাকা	নির্ধারিত দিনের ৭২ মাস পর হইতে ৭৮ মাসের মধ্যে।
অবশিষ্ট স্থিতি	নির্ধারিত দিনের ৭৮ মাস পর।”

২। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ (যা ৩০ এপ্রিল ২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত) এর অনুচ্ছেদ ১০ এর শর্তাংশে উল্লিখিত “এই স্কীম কার্যকর হওয়ার পাঁচ বৎসর ছয় মাস পর” এর পরিবর্তে “এই স্কীম কার্যকর হওয়ার ছয় বৎসর ছয় মাস পর” প্রতিস্থাপিত হইবে।

উক্ত স্কীমের অপরাপর বিধানাবলী অপরিবর্তিত থাকিবে। এই প্রজ্ঞাপনে বর্ণিত পরিবর্তনসমূহ প্রজ্ঞাপন জারিয়ে তারিখ হইতে কার্যকর হইবে।

ড. আতিউর রহমান

গভর্নর

বাংলাদেশ ব্যাংক